

যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৫৬

১/ বিবিধ

আরবী

أَتَى جَبْرِيلَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: إِنَّ اللَّهَ يَأْمُرُكَ أَنْ تَدْعُو بِهَوْلَاءِ الْكَلْمَاتِ، فَإِنِّي مَعْطِيكَ إِحْدَاهُنَّ: اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ تَعْجِيلَ عَافِيَتِكَ، أَوْصِبْرَا عَلَى بَلِيْتِكَ، أَوْخُرُوجَا مِنَ الدُّنْيَا إِلَى رَحْمَتِكَ

ضعيف

أخرجه ابن حبان (2437) والحاكم (1 / 522) من طريق زهير بن محمد عن هشام بن عروة عن أبيه عن عائشة قالت: فذكره. وقال الحاكم: " صحيح الإسناد " ! ووافقه الذهبي! كذا قالا، وزهير بن محمد هو التميمي الخراساني ، أورده الذهبي نفسه في " الضعفاء " فقال: " ثقة فيه لين وقال الحافظ: " رواية أهل الشام عنه غير مستقيمة، فضعف بسببها. قال البخاري عن أحمد: لأن زهيرا الذي يروي عن الشاميون آخر. وقال أبو حاتم: حدد بالشام من حفظه، فكثير غلطه

قلت: وهذا من رواية أهل الشام عنه والحديث أورده السيوطي في " زيادة الجامع الصغير "، وفي " الجامع الكبير " (68 / 278) من رواية المذكورين عنها بلفظ: " أتاني جبريل فقال: ... ". فكأنه أورده بالمعنى

বাংলা

১৭৫৬। জিবরীল (আঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বলেনঃ আল্লাহ্ তা'য়ালা আপনাকে

নির্দেশ দিচ্ছেন যে, এ শব্দগুলোর দ্বারা আপনি দুয়া করুন। কারণ আমি আপনাকে সেগুলোর একটি প্রদান করব। আল্লাহম্মা ইন্নী আসআলুকা তা'জীলা আফিয়াতিকা, আউ সবরান আলা বালিইয়াতিকা, আউ খুরুজান মিনাদ দুনিয়া ইলা রহমতিকা। অর্থাৎ হে আল্লাহ! আমি তোমার নিকট তোমার নিরাপত্তা ও শান্তি চাচ্ছি, অথবা আমি তোমার বিপদের সময় ধৈর্য প্রার্থনা করছি, অথবা দুনিয়া হতে বের হয়ে তোমার রহমতে যাওয়াকে চাচ্ছি।

হাদীসটি দুর্বল।

এটিকে ইবনু হিবান (২৪৩৭) ও হাকিম (১/৫২২) যুহায়ের ইবনু মুহাম্মাদ সূত্রে হিশাম ইবনু উরওয়া হতে, তিনি তার পিতা হতে, তিনি আয়েশা (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ ...।

হাকিম বলেনঃ সনদটি সহীহ। আর হাফিয় যাহাবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন। অথচ হাফিয় যাহাবী নিজেই এ যুহায়ের ইবনু মুহাম্মাদ তামীমী খুরাসানীকে “আয়যুয়াফা” গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তিনি নির্ভরযোগ্য তবে তার মধ্যে দুর্বলতা রয়েছে।

আর হাফিয় ইবনু হাজার বলেনঃ তার থেকে শামীদের বর্ণনা সঠিক নয়। এ কারণেই তিনি দুর্বলের অন্তর্ভুক্ত।

ইয়াম বুখারী ইয়াম আহমাদের উন্নতিতে বলেনঃ সম্ভবত যে যুহায়ের থেকে শামীরা বর্ণনা করেছেন তিনি অন্য কেউ। আর আবু হাতিম বলেনঃ তিনি শাম দেশে তার হেফেয় হতে হাদীস বর্ণনা করেন ফলে তার বেশী বেশী ভুল সংঘটিত হয়।

আমি (আলবানী) বলছি তার থেকে এ বর্ণনাটি শামীদেরই। হাদীসটিকে সুযুক্তি “যিয়াদাতুল জামেউস সাগীর” গ্রন্থে এবং “আলজামেউল কাবীর” গ্রন্থে (৬৮/২৭৮) আয়েশা (রাঃ)-এর উন্নতিতে উল্লেখ করেছেন নিম্নের ভাষায়ঃ আমার নিকট জিবরীল (আঃ) এসে বলেনঃ ...। সম্ভবত তিনি ভাবার্থের ভাষা ব্যবহার করেছেন।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72639>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন